

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৭ চৈত্র ১৪৩০/ ২১ মার্চ ২০২৪

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২২.১১৮—গত ১০ মার্চ ২০২৪ তারিখে নেপালে অনুষ্ঠিত ‘সার্বজনীন-১৬ নারী চ্যাম্পিয়নশিপ’ টুর্নামেন্টের ফাইনাল খেলায় ভারতকে ৩-২ গোলের ব্যবধানে পরাজিত করে অপরাধিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৬ নারী ফুটবল দল। বাংলাদেশ তাদের গ্রুপ পর্বে স্বাগতিক নেপালকে ২-০, ভারতকে ৩-১ এবং ভুটানকে ৬-০ গোলের ব্যবধানে পরাজিত করে গ্রুপ চ্যাম্পিয়ন হয়। বাংলাদেশ অনূর্ধ্ব-১৬ নারী ফুটবল দলের এ বিজয় দেশের যে কোনো পর্যায়ের ফুটবলের ক্ষেত্রে একটি অনন্য অর্জন। একটি পরিপূর্ণ ও সুসংহত দল হিসেবে বাংলাদেশ শক্তিশালী ও অভিজ্ঞতাসম্পন্ন নেপাল, ভুটান ও ভারতকে পরাজিত করার মাধ্যমে দেশকে উপহার দিয়েছে এক অনন্য সাধারণ বিজয়।

০২। মন্ত্রিসভা মনে করে যে, এ বিজয় নারীর ক্ষমতায়নে একটি গুরুত্বপূর্ণ অর্জন, যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন ক্রীড়া ও নারীবান্ধব কর্মসূচির ফলে সম্ভব হয়েছে। মন্ত্রিসভা আশা করে যে, এই বিজয় বাংলাদেশ নারী ফুটবল দলকে আরও আত্মবিশ্বাসী করে তুলবে এবং পরবর্তীকালে তাদের আরও ভাল ফলাফল করার অনুপ্রেরণা যোগাবে।

০৩। বাংলাদেশ অনূর্ধ্ব-১৬ নারী ফুটবলদলের এই ক্রীড়া নৈপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ২৯ ফাল্গুন ১৪৩০/ ১৩ মার্চ ২০২৪ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

০৪। মন্ত্রিসভা বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন  
মন্ত্রিপরিষদ সচিব

( ২৮৪৩ )

মূল্য : টাকা ৪.০০

**মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব**

২৯ ফাল্গুন ১৪৩০  
ঢাকা : ১৩ মার্চ ২০২৪

গত ১০ মার্চ ২০২৪ তারিখে নেপালে অনুষ্ঠিত ‘সফ অনূর্ধ্ব-১৬ নারী চ্যাম্পিয়নশিপ’ টুর্নামেন্টের ফাইনাল খেলায় ভারতকে ৩-২ গোলের ব্যবধানে পরাজিত করে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৬ নারী ফুটবল দল। বাংলাদেশ তাদের গ্রুপ পর্বে স্বাগতিক নেপালকে ২-০, ভারতকে ৩-১ এবং ভুটানকে ৬-০ গোলের ব্যবধানে পরাজিত করে গ্রুপ চ্যাম্পিয়ন হয়। বাংলাদেশ অনূর্ধ্ব-১৬ নারী ফুটবল দলের এ বিজয় দেশের যে কোনো পর্যায়ের ফুটবলের ক্ষেত্রে একটি অনন্য অর্জন। একটি পরিপূর্ণ ও সুসংহত দল হিসেবে বাংলাদেশ শক্তিশালী ও অভিজ্ঞতাসম্পন্ন নেপাল, ভুটান ও ভারতকে পরাজিত করার মাধ্যমে দেশকে উপহার দিয়েছে এক অনন্য সাধারণ বিজয়।

মন্ত্রিসভা মনে করে যে, এ বিজয় নারীর ক্ষমতায়নে একটি গুরুত্বপূর্ণ অর্জন, যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন ক্রীড়া ও নারীবান্ধব কর্মসূচির ফলে সম্ভব হয়েছে। মন্ত্রিসভা আশা করে যে, এই বিজয় বাংলাদেশ নারী ফুটবল দলকে আরও আত্মবিশ্বাসী করে তুলবে এবং পরবর্তীকালে তাদের আরও ভাল ফলাফল করার অনুপ্রেরণা যোগাবে।

মন্ত্রিসভা বাংলাদেশ অনূর্ধ্ব-১৬ নারী ফুটবলদলের এই ক্রীড়া নৈপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd